

কৃষিই সমৃদ্ধি

(একই স্মারক ও তারিখের স্থানাভিষিক্ত আদেশ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অতিরিক্ত পরিচালক এর কার্যালয়

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

খুলনা অঞ্চল, খুলনা

www.dae.khulnadiv.gov.bd

স্মারক নম্বর-১২.১৬.৪৭০০.০৩৯.১৯.১১৮.২৩-৮১১

তারিখঃ ০৩/০৫/২০২৩ খ্রি:

বিষয়: ২০২২-২৩ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে আবেদন প্রেরণ।

সূত্র: মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা মহোদয়ের ৩০/০৪/২০২২ খ্রি: তারিখের ১২.০১.০০০০.৮২০.৩২.০২১.২৩.২৬ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের নির্দেশনার আলোকে জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল এর ভিশন “সুখী-সমৃদ্ধ সোনার বাংলা এবং মিশন “রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা” সে প্রেক্ষিতে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ বাস্তবায়ন করে যাচ্ছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত “শুদ্ধাচার পুরস্কার প্রদান(সংশোধন) নীতিমালা, ২০২১” এ শুদ্ধাচার চর্চার নিমিত্ত শুদ্ধাচার পুরস্কার প্রদানের ব্যবস্থা আছে। সে প্রেক্ষিতে, শুদ্ধাচার চর্চার উৎসাহ প্রদানের লক্ষ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা অঞ্চল, খুলনায় চাকরিরত কর্মকর্তা/কর্মচারী নির্বাচন করা হবে।

২. পুরস্কার প্রদানের ক্ষেত্রে: ২.১ আঞ্চলিক কার্যালয়/ জেলা কার্যালয়/ কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট/ কোয়ারেন্টাইন সেন্টার/ হাটকালচার সেন্টারসমূহের কর্মরত ৩-৯ গ্রেডভুক্ত ১ জন, ১০-১৬ গ্রেডভুক্ত ১ জন, ১৭-২০ গ্রেডভুক্ত ১ জন করে মোট ৩ জন কর্মকর্তা/কর্মচারী শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন।

২.২ উপজেলা কার্যালয়সমূহের প্রধান/৪-৯ গ্রেডভুক্ত ১ জন, ১০-১৬ গ্রেডভুক্ত ১ জন, ১৭-২০ গ্রেডভুক্ত ১ জন করে মোট ৩ জন কর্মকর্তা/কর্মচারী শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন।

৩. বিবেচ্য কর্মকর্তা/কর্মচারীকে ন্যূনতম ৬ মাস সংশ্লিষ্ট কার্যালয়ে চাকরি করতে হবে। ক্যাটাগরি অনুসারে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী পুরস্কারের জন্য বিবেচিত হবেন। প্রাপ্ত নম্বর ন্যূনতম ৮০ না হলে পুরস্কারের জন্য বিবেচিত হবেন না। কোন কর্মকর্তা/কর্মচারী একবার শুদ্ধাচার পুরস্কার পেলে বদলি বা পদোন্নতি বা অন্য কারণে কার্যালয় পরিবর্তিত হলেও তিনি পরবর্তী ৩ বছরের জন্য পুনরায় পুরস্কার পাওয়ার জন্য বিবেচিত হবেন না।


৪. আবেদন ও তথ্য প্রেরণ: আবেদন ও তথ্য (সংযুক্ত ছক মোতাবেক ও প্রযোজ্য ক্ষেত্রে প্রমাণকসহ) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ১০/০৫/২০২৩ খ্রি: তারিখের মধ্যে অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা অঞ্চল, খুলনা বরাবরে প্রেরণ করবেন।

সংযুক্ত: নমুনা আবেদন ও ছকসমূহ:

ছক-২: ৩-৯ গ্রেডভুক্ত কর্মকর্তাদের জন্য।

ছক-৩: ১০-১৬ গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের জন্য।

ছক-৪: ১৭-২০ গ্রেডভুক্ত কর্মচারীদের জন্য।


মোহন কুমার ঘোষ
পরিচিতি নম্বর-১৭১৮
অতিরিক্ত পরিচালক
০২৪৭৭৭৩৩১৪৮
addldaekhulna@gmail.com

বিতরণ: (আপনার কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের অবহিতকরণের অনুরোধসহ):


১. অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, দৌলতপুর, খুলনা।
২. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/নড়াইল।
৩. উপপরিচালক, হাটকালচার সেন্টার, দৌলতপুর, খুলনা।
৪. উপপরিচালক, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, মোংলা সমুদ্রবন্দর, খুলনা/ভোমরা স্থলবন্দর, সাতক্ষীরা।
৫. উপজেলা কৃষি অফিস,(খুলনা অঞ্চল সকল)

স্মারক নম্বর-১২.১৬.৪৭০০.০৩৯.১৯.১১৮.২৩-৮১১/৮(৩)

তারিখঃ ০৩/০৫/২০২৩ খ্রি:

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় প্রযোজ্য ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২. পরিচালক, প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩. অফিস কপি, অত্র দপ্তর।


মোহন কুমার ঘোষ